উজ্জ্বল বন্দ্যোপাধ্যায়, জয়নগর ঃ আলোর উৎসব দীপাবলি আর শক্তির আরাধনা কালীপুজো। অমাবস্যার ঘন অন্ধকার দূর করে আলোর বার্তা নিয়ে হাজির হয় এই উৎসব। রাজ্যের বিভিন্ন প্রান্তের মতো দক্ষিণ ২৪ পরগনার জয়নগরে ও কালীপুজোকে ঘিরে থাকে বাড়তি উন্মাদনা। তবে জয়নগরের কালী পুজোর প্রসঙ্গ উঠলেই বিশেষ ভাবে উঠে আসে প্রাচীন ধন্বন্তরী কালীমায়ের মন্দিরের কথা।কয়েক শতাব্দীর ঐতিহ্য, সাধনভূমির ইতিহাস এবং নানা লোক বিশ্বাসকে কেন্দ্র করে আজও এই মন্দিরের আকর্ষণ অমলিন।কালী পুজোর বিশেষ তিথিতে দেবীর আরাধনা ও দর্শনের জন্য বহু ভক্তের সমাগম ঘটে এই মন্দিরে।স্থানীয় জনশ্রুতি অনুযায়ী, প্রায় চারশো বছরেরও বেশি প্রাচীন এই মন্দিরের সঙ্গে জড়িয়ে রয়েছে সাধক ভৈরবানন্দের নাম। কথিত আছে, একসময় এই এলাকা ছিল ঘন জঙ্গল ও শ্মশান ভূমি। সেই নির্জন পরিবেশে তন্ত্রসাধনায় মগ্ন থাকতেন সাধক ভৈরবানন্দ। একদিন দেবী তাঁকে স্বপ্নাদেশ দিয়ে পাশের পদ্মপুকুর থেকে নিজের বিগ্রহ উদ্ধারের নির্দেশ দেন। সেই স্বপ্নাদেশ মেনেই পুকুর থেকে কালো পাথরের কালীমূর্তি উদ্ধার করে একটি পর্ণকুটিরে দেবীর পুজো শুরু করেন তিনি। পরবর্তীকালে তাঁর শিষ্য রাজেন্দ্রনাথ চক্রবর্তী দেবীর পুজোর দায়িত্ব গ্রহণ করেন।এই মন্দিরের সঙ্গে জড়িয়ে রয়েছে রোগমুক্তির নানা প্রচলিত কাহিনি। জনশ্রুতি, দেবীর কৃপায় এক বিশেষ ওষুধের সন্ধান পেয়েছিলেন রাজেন্দ্রনাথ চক্রবর্তী। সেই ওষুধ সেবনে বাত-সহ বিভিন্ন শারীরিক সমস্যায় উপকার মিলত বলে বিশ্বাস করা হয়। ধন্বন্তরী দেবতার মতো রোগ নিরাময়ের সঙ্গে দেবীর নাম জড়িয়ে যাওয়ায় তিনি পরিচিত হন ধন্বন্তরী কালী নামে। সেই থেকেই ভক্তদের কাছে দেবী শুধু শক্তিরূপেই নন, রোগহারিণী হিসেবেও বিশেষভাবে পূজিত হয়ে আসছেন। যদিও এই সমস্ত কাহিনি স্থানীয় লোকবিশ্বাস ও প্রচলিত জনশ্রুতির উপর নির্ভরশীল। কালীপুজোর দিন মন্দিরে দেবীর বিশেষ আরাধনার আয়োজন করা হয়। নিয়ম-নীতি মেনে পুজো, ফুল, মালা ও নানা উপাচারে দেবীকে সাজিয়ে তোলা হয়। সন্ধ্যা নামতেই প্রদীপ ও আলোর সাজে মন্দির চত্বর এক অন্য রূপ ধারণ করে।দেবীর দর্শন ও পুজো দিতে স্থানীয় বাসিন্দাদের পাশাপাশি দূরদূরান্ত থেকেও বহু ভক্ত ছুটে আসেন।মঙ্গলবার, শনিবার ও কালীপুজোর রাতে এখনো পাঁঠা বলি হয় নিয়ম মেনে।ভক্তদের বিশ্বাস, নিষ্ঠাভরে ধন্বন্তরী কালীমায়ের কাছে প্রার্থনা জানালে মনস্কামনা পূর্ণ হয় এবং দেবীর আশীর্বাদে জীবনের নানা বাধা-বিপত্তি দূর হয়।এই মন্দিরের বিশেষত্ব শুধু কালীপুজোর মধ্যেই সীমাবদ্ধ নয়।বৈশাখ মাসে পক্ষকাল ব্যাপী 'বেশের মেলা' এই মন্দিরের অন্যতম প্রধান আকর্ষণ। বৈশাখ মাসের শুক্লপক্ষের প্রতিপদ থেকে পূর্ণিমা পর্যন্ত প্রতিদিন দেবীকে বিভিন্ন সাজে সাজানো হয়। প্রতিদিন দেবীর আলাদা আলাদা রূপ দর্শনের সুযোগ পান ভক্তরা। এই উৎসবকে কেন্দ্র করে মন্দির চত্বরে বসে মেলা। ধর্মীয় আচার, ঐতিহ্য এবং মানুষের আবেগ মিলেমিশে একাকার হয়ে যায় সেখানে।এছাড়াও অমাবস্যা ও পূর্ণিমা তিথিতে মন্দিরে নিয়মিত ভক্তসমাগম হয়। শনি ও মঙ্গলবারও বহু মানুষ দেবীর পুজো দিতে আসেন। মঃি দরের পাশেই রয়েছে প্রাচীন শিবমন্দির, যা এই ধর্মীয় প্রাঙ্গণের ঐতিহ্যকে আরও সমৃদ্ধ করেছে।জয়নগর মজিলপুর রেল স্টেশনের কাছেই অবস্থিত এই ঐতিহ্যবাহী মন্দির। ফলে ট্রেনপথে সহজেই এখানে পৌঁছতে পারেন দর্শনার্থীরা। সময়ের পরিবর্তন হয়েছে, বদলেছে এলাকার চেহারা, কিন্তু ধন্বন্তরী কালীমাকে ঘিরে মানুষের বিশ্বাস ও ভক্তিতে এতটুকু ভাটা পড়েনি।কালী পুজোর আলোয় তাই জয়নগরের এই প্রাচীন মন্দির হয়ে ওঠে ভক্তি, ঐতিহ্য ও লোকসংস্কৃতির এক বিশেষ মিলনক্ষেত্র।

চিত্রশিল্পী কৈলাস পুরকাইত ভুষিত হলেন বঙ্গরত্নে



মতিয়ার রহমান,উলুবেড়িয়াঃ পাবলিক ওয়েলফেয়ার ফাউন্ডেশনের উদ্যোগে উলুবেড়িয়া ১নং ব্লকের পূর্ব তপনার বিখ্যাত চিত্রশিল্পী কৈলাস পুরকাইত বঙ্গরত্নে ভূষিত হয়েছেন। পুরস্কৃত হবার পর চিত্রশিল্পী কৈলাস পুরকাইত বলেন, শিক্ষা ও শিল্পচর্চায় আমার পরিশ্রম ও অবদানকে রাজ্য-স্তরের বঙ্গ রত্ন সম্মানে স্বীকৃতি দেওয়া হয়েছে। এটা সত্যিই গর্বের বিষয়। এর আগেও আমি ন্যাশনাল আইকন অ্যাওয়ার্ড সম্মানের সম্মানিত হয়েছি, ইন্ডিয়া বুক অফ রেকর্ড,ম্যাজিক বুক অফ রেকর্ড,ন্যাশনাল এক্সিলেন্স এওয়ার্ড,রবীন্দ্রনাথ টেগর অ্যাওয়ার্ড পেয়েছি এছাড়াও তৎকালীন সরকার পশ্চিমবঙ্গ সরকারের তরফ থেকে রাজ্য চারুকলা পরিষদ আয়োজিত প্রয়াত চিত্রশিল্পী যোগেন চৌধুরীর হাত থেকেও আমি পুরস্কৃত হয়েছি । দীর্ঘ ২৫ বৎসর এই সমস্ত ছবি আঁকার স্কুল চালিয়ে এবং ছাত্র-ছাত্রীদের শুধু ছবি আঁকা না তার সঙ্গে হস্তশিল্প সামাজিক যে সমস্ত সোশ্যাল ওয়ার্ক এর মধ্য দিয়েই জীবনকে অতিবাহিত করেছি। সত্যিই এটা আমার গর্বের বিষয় এতগুলো অ্যাওয়ার্ড এচিভমেন্ট এটা আমার কাছে অনেক বড় পাওয়া, জানি জন্মিলে মরিতে হবে অমর কেউ নাই রবে! ভেবে দেখো এই দুনিয়ায়,তাই জীবনে যে কটা দিন বেঁচে আছি যেন এই শিল্প-সংস্কৃতির মধ্য দিয়ে জীবনটাকে অতিবাহিত করতে পারি এবং আগামী প্রজন্মের কাছে যেন আমি এই বঙ্গ সন্তানের সন্তান হয়েও সাধারণ ফ্যামিলি থেকে বিলং করেও তাদের কাছে বর্ণপরিচয়ের আঁকার শিক্ষক হয়েই জীবনটাকে অতিবাহিত করতে পারি।

হাওড়ার রাজপথে বিজেপির মহামিছিল, এসআইআর বিতর্কে বিরোধীদের জবাব চাইলেন বিপ্লব দেব

নিজস্ব সংবাদদাতা,হাওড়া,৪ নভেম্বর ঃ এসআইআর -কে ঘিরে রাজনৈতিক চাপানউতোরের আবহেই এবার হাওড়ার রাজপথে মহামিছিল করল বিজেপি। ' বাঁচাও, অরাজকতা হটাও' স্লোগানকে সামনে রেখে মঙ্গলবার দুপুরে শিবপুরের কাজীপাড়া থেকে হাওড়া ময়দান পর্যন্ত মহামিছিলের আয়োজন করে হাওড়া ও হুগলি জেলা বিজেপি সংগঠন। সেই মিছিল থেকেই এসআইআর ইস্যুতে কংগ্রেস ও তৃণমূলকে একযোগে নিশানা করেন বিজেপির কেন্দ্রীয় নেতা তথা ত্রিপুরার প্রাক্তন মুখ্যমন্ত্রী বিপ্লব দেব। তাঁর অভিযোগ, এসআইআর নিয়ে সাধারণ মানুষের মধ্যে অকারণে বিভ্রান্তি ছড়াচ্ছে বিরোধীরা। বিশেষ করে রাহুল গান্ধী, তৃণমূলের শীর্ষ নেতৃত্ব এবং 'ইন্ডি জোটকে এই প্রচারের জবাব দিতে হবে। বিপ্লব দেবের বক্তব্য, বাংলার মানুষ এসআইআর-এর প্রয়োজনীয়তা ও গুরুত্ব সম্পর্কে যথেষ্ট সচেতন। তাই এই প্রক্রিয়া নিয়ে তাঁদের নতুন করে বোঝানোর প্রয়োজন নেই। বরং বিরোধীরা কেন এই নিয়ে প্রশ্ন তুলছে, তা স্পষ্ট করা উচিত। ২০২১ সালের বিধানসভা নির্বাচনের প্রসঙ্গ তুলে তিনি মৃত ভোটার, একাধিক জায়গায় নাম থাকা এবং অনুপস্থিত ভোটারদের নামে ভোট পড়ার অভিযোগও তোলেন। তাঁর দাবি, অতীতের এই ধরনের অনিয়মের কারণেই নির্বাচনী ব্যবস্থায় স্বচ্ছতা আনার প্রয়োজন রয়েছে। এদিনের বক্তব্যে শুধু এসআইআর নয়, রাজ্যের রাজনৈতিক ভবিষ্যৎ নিয়েও আত্মবিশ্বাসী সুর শোনা যায় বিজেপি নেতার গলায়। তিনি দাবি করেন, আগেই বলেছিলাম ২০২৬ সালের নির্বাচনের পর পশ্চিমবঙ্গে রাজনৈতিক হিংসা ও অরাজকতার অবসান ঘটবে এবং তৃণমূল কংগ্রেসের কোনও অস্তিত্ব থাকবে না। তৃণমূলকে কটাক্ষ করে তিনি বলেন, যাদের রাজনৈতিক অস্তিত্ব এখন নেই তাদের নিয়ে আলোচনা না করে রাজ্যের উন্নয়ন, পরিকাঠামো এবং মানুষের জীবনযাত্রার মানোন্নয়ন নিয়ে এখন আলোচনা হওয়া উচিত। অন্যদিকে, ত্রিপুরায় বিএসএফের কাছ থেকে আগ্নেয়াস্ত্র ছিনিয়ে নেওয়ার ঘটনাকে কেন্দ্র করেও সরব হন বিপ্লব দেব। ঘটনাটিকে লজ্জাজনক আখ্যা দিয়ে তিনি জানান, রাষ্ট্রবিরোধী কার্যকলাপে যুক্ত ব্যক্তিদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া হবে। তাঁর দাবি, ত্রিপুরার মুখ্যমন্ত্রীর হস্তক্ষেপে রাতের মধ্যেই এই ঘটনায় আটজনকে গ্রেফতার করা হয়েছে। রাজনৈতিকভাবে গুরুত্বপূর্ণ এই কর্মসূচিতে বিপ্লব দেবের উপস্থিতি এবং তাঁর বক্তব্যের মধ্য দিয়ে এসআইআর-কে কেন্দ্র করে বিজেপি যে বিরোধীদের বিরুদ্ধে পাল্টা রাজনৈতিক প্রচারে নামতে চাইছে, সেই বার্তাই স্পষ্ট হয়ে উঠল।

বাস-লরির মুখোমুখি সংঘর্ষে শিশু-সহ জখম ২৬

নিজস্ব সংবাদদাতা, ঝাড়গ্রামঃ যাত্রীবোঝাই বাস ও পণ্যবাহী লরির মুখোমুখি সংঘর্ষে শিশু-সহ জখম হলেন ২৬ জন। আহতদের মধ্যে বাস ও লরির দুই চালকের অবস্থা আশঙ্কাজনক। বুধবার সকালে দুর্ঘটনাটি ঘটেছে ঝাড়গ্রাম-লোধাশুলি ৯ নম্বর রাজ্য সড়কের কলাবনী জঙ্গলে কংসাবতী ক্যানাল সংলগ্ন এলাকায়।পুলিশ ও স্থানীয় সূত্রে জানা গিয়েছে, এ দিন সকাল সাড়ে সাতটা নাগাদ ঝিলিমিলি-দীঘা রুটের একটি যাত্রীবাহী বাস ঝাড়গ্রাম থেকে যাত্রী নিয়ে দীঘার দিকে যাচ্ছিল। সেই সময় লোধাশুলির দিক থেকে একটি পণ্যবাহী লরি ঝাড়গ্রামের দিকে আসছিল। কলাবনী জঙ্গলের কংসাবতী ক্যানাল সংলগ্ন এলাকায় দু'টি গাড়ির মুখোমুখি সংঘর্ষ হয়। বাসযাত্রীদের অভিযোগ, বাসটি দ্রুত গতিতে চলছিল। উল্টো দিক থেকে আচমকা লরিটি সামনে চলে আসায় বাসের চালক নিয়ন্ত্রণ হারান। এর জেরেই লরিটির সঙ্গে বাসের মুখোমুখি ধাক্কা লাগে।দুর্ঘটনায় বাস ও লরির চালক-সহ মোট ২৬ জন আহত হন। পুলিশ সূত্রে জানা গিয়েছে, জখম বাসচালক বছর সাঁইত্রিশ এর ভক্তরঞ্জন পালের বাড়ি বেলপাহাড়ির বাঁশপাহাড়ি অঞ্চলের নেগুড়িয়া গ্রামে। লরিচালক বছর চল্লিশের মহম্মদ আসামের বাড়ি পূর্ব মেদিনীপুরের কাঁথিতে। দুর্ঘটনার খবর পেয়ে ঝাড়গ্রাম থানার পুলিশ ও স্থানীয় বাসিন্দারা ঘটনাস্থলে পৌঁছে আহতদের উদ্ধার করেন।

ছট পুজোর প্রস্তুতি খতিয়ে দেখলেন পুরমন্ত্রী অগ্নিমিত্রা পল

নিজস্ব সংবাদদাতা , কলকাতা, ৪ নভেম্বর ঃ আসন্ন ছট পুজোকে সামনে রেখে কলকাতা ও হাওড়ার গঙ্গার ঘাটগুলির নিরাপত্তা ও পরিকাঠামো খতিয়ে দেখলেন রাজ্যের পুরমন্ত্রী অগ্নিমিত্রা পল। বুধবার স্পিড বোটে একাধিক ঘাট পরিদর্শন করেন তিনি। সঙ্গে ছিলেন পুর প্রতিমন্ত্রী উমেশ রাই, আইএএস আধিকারিক স্মিতা পাণ্ডে, প্রশাসনিক কর্তারা এবং কলকাতা ও হাওড়ার কমিশনাররা। পরিদর্শনে ঘাট সংলগ্ন এলাকায় জমে থাকা আবর্জনা দ্রুত পরিষ্কারের নির্দেশ দেন পুরমন্ত্রী। তিনি জানান, ছট পুজোয় কোনও বাধা থাকবে না। পুণ্যার্থীদের সুবিধার্থে ঘাটে আলো, চেঞ্জিং রুম, বায়ো-টয়লেট, পুলিশি নিরাপত্তা ও বাঁশের ব্যারিকেডের ব্যবস্থা করা হবে। পাশাপাশি ভাঙা ঘাট সংস্কার ও সিঁড়ি প্রশস্ত করার পরিকল্পনাও রয়েছে। শুধু উৎসবের প্রস্তুতি নয়, মুম্বইয়ের মেরিন ড্রাইভের আদলে কলকাতা ও হাওড়ার গঙ্গার দুই তীরে রিভারফ্রন্ট গড়ে তোলার পরিকল্পনা নিয়েছে রাজ্য। গঙ্গার দূষণ নিয়ন্ত্রণ, নিকাশি ব্যবস্থার উন্নতি এবং ঐতিহাসিক ঘাট ও মন্দিরগুলির সৌন্দর্য সংরক্ষণেও বিশেষ গুরুত্ব দেওয়া হবে বলে জানান পুরমন্ত্রী। এনিয়ে শীঘ্রই উচ্চপর্যায়ের বৈঠক হবে।

মেরতলায় যুবকের অস্বাভাবিক মৃত্যু, দেহ ময়নাতদন্তে পাঠাল পুলিশ

প্রসেনজিৎ দেবনাথ,পূর্বস্থলী, ৪ নভেম্বর ঃ পূর্ব বর্ধমান জেলার পূর্বস্থলী ২ ব্লকের মেরতলা পঞ্চায়েতের অন্তর্গত মেরতলা গ্রামে এক যুবকের অস্বাভাবিক মৃত্যুর ঘটনাকে কেন্দ্র করে এলাকায় চাঞ্চল্য ছড়িয়েছে। মৃত যুবকের নাম প্রসেনজিৎ ঘোষ। পরিবার সূত্রে জানা গিয়েছে, গতকাল রাতে নিজের বাড়িতেই ওই যুবকের অস্বাভাবিক মৃত্যু হয়। পরিবারের সদস্যদের দাবি, তিনি বাড়িতে গলায় দড়ি দিয়ে আত্মহত্যা করেছেন। খবর পেয়ে আজ ঘটনাস্থলে পৌঁছয় পূর্বস্থলী থানার পুলিশ। এরপর পুলিশ দেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য কালনা মহকুমা হাসপাতালে পাঠায়। পরিবার সূত্রে আরও জানা গিয়েছে, প্রসেনজিৎ ঘোষ জন্ম থেকেই বাকপ্রতিবন্ধী ছিলেন। তবে কী কারণে তিনি এমন চরম সিদ্ধান্ত নিলেন, তা বুঝে উঠতে পারছেন না পরিবারের সদস্যরা। তাঁর এই আকস্মিক মৃত্যুর ঘটনায় শোকের ছায়া নেমে এসেছে পরিবার ও এলাকায়।

মালদা টাউন ও শাকুরবস্তির মধ্যে বিশেষ ট্রেন চালাবে পূর্ব রেল

কলকাতা, ৪ নভেম্বর ঃ উৎসবের মরসুমে যাত্রীদের অতিরিক্ত ভিড় সামাল দিতে, পূর্ব রেল মালদা টাউন ও শাকুরবস্তির মধ্যে একটি বিশেষ ট্রেন চালানোর সিদ্ধান্ত নিয়েছে।০৩৪৩৯ মালদা টাউন - শাকুরবস্তি স্পেশাল ট্রেনটি ১০.১১.২০২৬ তারিখে সকাল ১০০ৃ০টায় মালদা টাউন থেকে ছো়ে পরের দিন বিকেল ৫.০০টায় শাকুরবস্তি পৌঁছাবে। অন্যদিকে, ০৩৪৪০ শাকুরবস্তি - মালদা টাউন স্পেশাল ট্রেনটি ১১.১১.২০২৬ তারিখে সন্ধ্যা ৬.৫০টায় শাকুরবস্তি থেকে ছেড়ে তৃতীয় দিন রাত ১.৪৫টায় মালদা টাউন পৌঁছাবে। যাত্রাপথে ট্রেনটি পূর্ব রেলের আওতাধীন নিউ ফরাক্কা, বরহরওয়া, সাহেবগঞ্জ, কাহালগাঁও, ভাগলপুর, সুলতানগঞ্জ, জামালপুর ও অভয়পুর স্টেশনে থামবে।এই ট্রেনে সাধারণ দ্বিতীয় শ্রেণি (ক্সপ্তঞ্জড ক্ষ্মন্নাঢঞ্জ ক্টডজ্বঞ্চ), স্লিপার শ্রেণি এবং শীতাতপ নিয়ন্ত্রিত কামরা থাকবে। এই বিশেষ ট্রেনটির টিকিট বুকিংয়ের তারিখ শীঘ্রই জানিয়ে দেওয়া হবে।

গোসাবা থানার উদ্যোগে মাদকবিরোধী সচেতনতা কর্মসূচি

নিজস্ব সংবাদদাতা,জয়নগরঃ মাদকাসক্তির কুফল সম্পর্কে সাধারণ মানুষকে সচেতন করতে উদ্যোগী হল এবার বারুইপুর পুলিশ জেলার গোসাবা থানার পুলিশ। বুধবার গোসাবা থানার উদ্যোগে আয়োজিত হল মাদকবিরোধী সচেতনতা কর্মসূচি। উপস্থিত ছিলেন গোসাবা থানার ওসি সনাতন কর্মকার সহ একাধিক পুলিশ কর্মী,সিভিক ভলেন্টিয়ার সহ সাধারণ মানুষ। এদিনের এই কর্মসূচির মাধ্যমে মাদক সেবনের ক্ষতিকর প্রভাব, যুবসমাজের উপর এর কুপ্রভাব এবং মাদকমুক্ত সমাজ গড়ে তোলার প্রয়োজনীয়তা সম্পর্কে মানুষকে সচেতন করা হয়। বিশেষ করে যুবসমাজকে মাদকের করাল গ্রাস থেকে দূরে রাখতে এবং সুস্থ সমাজ গঠনে সাধারণ মানুষের সক্রিয় অংশগ্রহণের বার্তা দেওয়া হয়।আয়োজকদের পক্ষ থেকে

২০১৩ সালের মারপিঠের মামলায় জয়নগরে গ্রেফতার তিন

নিজস্ব সংবাদদাতা, জয়নগর, ৪ নভেম্বর ঃ ২০১৩ সালের মারপিঠের ঘটনার মামলায় আদালত অবমাননার অভিযোগে তিনজনকে গ্রেফতার করলো জয়নগর থানার পুলিশ। মঙ্গলবার রাতে নিজেদের বাড়ি থেকেই তাঁদের গ্রেফতার করা হয়। বুধবার ধৃতদের বারুইপুর মহকুমা আদালতে পেশ করে পুলিশ। পুলিশ সূত্রে জানা গিয়েছে, ধৃতদের নাম সৌমেন পুরকাইত, মৃদুল পুরকাইত ও সুদীপ পুরকাইত। তাঁদের বাড়ি বকুলতলা থানার অন্তর্গত তুলসিঘাটা এলাকায়। ২০১৩ সালের মারপিঠের ঘটনার মামলাকে কেন্দ্র করে তিনজনের বিরুদ্ধে আদালত অবমাননার অভিযোগে মামলা রুজু হয়েছিল।

সবুজ বাজির মোড়কে নিষিদ্ধ শব্দবাজি বিক্রি? ঘঙ কোড স্ক্যান করলেই মিলবে আসল-নকলের হদিস

নিজস্ব সংবাদদাতা , কলকাতা, ৪ নভেম্বর ঃ কালীপুজো ও দীপাবলির আগে শহরে নিষিদ্ধ শব্দবাজির কারবার রুখতে অভিনব উদ্যোগ কলকাতা পুলিশের। সবুজ বাজির মোড়কে অবৈধ ও নিষিদ্ধ শব্দবাজি বিক্রির অভিযোগ সামনে আসতেই এবার হাতিয়ার ঘঙ কোড। নির্দিষ্ট ঘঙ কোড স্ক্যান করলেই মোবাইলের স্ক্রিনে দেখা যাবে ১,৭০০টি বৈধ সবুজ বাজির তালিকা। ফলে ক্রেতারা সহজেই যাচাই করতে পারবেন কোন বাজি বৈধ, আর কোনটি নিষিদ্ধ। শুধু তাই নয়, শহরের বিভিন্ন বাজি বাজার থেকে শুরু করে পুলিশের টহলদারি দল-সর্বত্রই পৌঁছে দেওয়া হচ্ছে এই ঘঙ কোড। দীপাবলি মানেই আলো, আনন্দ এবং উৎসবের আমেজ। তবে উৎসবের আনঃদের মাঝেই যাতে নিষিদ্ধ শব্দবাজির দাপটে পরিবেশ ও সাধারণ মানুষের সমস্যা না বাড়ে, তার জন্য প্রতি বছরই বিশেষ সতর্কতা অবলম্বন করে প্রশাসন। বিশেষ করে কালীপুজো ও দীপাবলির সময় শহরের বিভিন্ন প্রান্তে শব্দদূষণ নিয়ন্ত্রণ করা পুলিশের কাছে বড় চ্যালেঞ্জ হয়ে দাঁড়ায়। এবার সেই সমস্যা মোকাবিলায় প্রযুক্তির সাহায্য নিচ্ছে কলকাতা পুলিশ। পুলিশের নজরে এসেছে, সবুজ বাজির মোড়ক ব্যবহার করে নিষিদ্ধ শব্দবাজি পাচার ও বিক্রির চেষ্টা হতে পারে। বাইরে থেকে দেখে অনেক সময় বোঝার উপায় থাকে না, কোনও বাজি সত্যিই অনুমোদিত সবুজ বাজি, নাকি তার মোড়কের আড়ালে লুকিয়ে রয়েছে নিষিদ্ধ শব্দবাজি। এই সমস্যা মোকাবিলায় কলকাতা পুলিশের রিজার্ভ ফোর্সের উদ্যোগে তৈরি করা হয়েছে বিশেষ ঘঙ কোড। সেটি স্ক্যান করলেই মোবাইলের স্ক্রিনে ভেসে উঠবে ১,৭০০টি বৈধ সবুজ বাজির নামের তালিকা। ফলে ক্রেতা থেকে শুরু করে পুলিশকর্মী-সকলেই সহজে তালিকা দেখে বাজির বৈধতা যাচাই করার সুযোগ পাবেন। লালবাজারের ধারণা, নকল সবুজ বাজি শনাক্ত করতে এই উদ্যোগ যথেষ্ট কার্যকর হতে পারে। শহরের প্রত্যেকটি বাজি বাজারের বিভিন্ন জায়গায় এই ঘঙ কোড লাগানো থাকবে। ফলে বাজি কিনতে গিয়ে ক্রেতাদের আর অনুমানের উপর নির্ভর করতে হবে না।শুধু সাধারণ ক্রেতাদের জন্য নয়, টহলরত পুলিশকর্মী ও আধিকারিকদের হাতেও পৌঁছে দেওয়া হচ্ছে বৈধ সবুজ বাজির তালিকা। কোনও জায়গায় সন্দেহজনক শব্দবাজি ব্যবহারের অভিযোগ উঠলে দ্রুত তালিকা মিলিয়ে প্রয়োজনীয় পদক্ষেপ করতে পারবেন তাঁরা। পুলিশের মতে, কালীপুজো বা দীপাবলির আগে থেকেই শহরের বিভিন্ন জায়গায় বাজির শব্দ শোনা যায়। কিন্তু দূর থেকে শব্দ শুনে সেটি বৈধ সবুজ বাজি, নাকি নিষিদ্ধ শব্দবাজি, তা চিহ্নিত করা কঠিন। ফলে নজরদারির সময় পুলিশকে বিশেষ সতর্ক থাকতে বলা হয়েছে। এই পরিস্থিতিতে ঘঙ কোডের মাধ্যমে অনুমোদিত বাজির তালিকা হাতে থাকলে সংঃদেহজনক বাজি সম্পর্কে প্রাথমিকভাবে যাচাই করা অনেক সহজ হবে বলে মনে করছে লালবাজার। শুধু ঘঙ কোডেই থেমে থাকছে না কলকাতা পুলিশ। শহরে নিষিদ্ধ বাজি ঢোকা আটকাতে সীমান্তবর্তী এলাকাগুলিতেও বাড়ানো হয়েছে নজরদারি। দিন ও রাত-দু'সময়েই চলছে নাকা তল্লাশি। পুলিশের নজরে রয়েছে শহরের বিভিন্ন প্রান্তে হঠাৎ গজিয়ে ওঠা বাজির দোকানগুলিও। কারণ, নির্দিষ্ট বাজি বাজার ছাড়া অন্যত্র বাজি বিক্রি নিষিদ্ধ। তাই কালীপুজো ও দীপাবলির আগে কোথাও বেআইনিভাবে বাজি বিক্রি হচ্ছে কি না, তা খতিয়ে দেখছেন পুলিশকর্মীরা। নিষিদ্ধ বাজির ব্যবহার বন্ধ করতে সাধারণ মানুষের মধ্যে সচেতনতা বাড়ানোর উপরেও জোর দিচ্ছে লালবাজার। সেই উদ্দেশ্যে প্রায় ৯০ হাজার পোস্টার ও লিফলেট প্রকাশ করা হয়েছে। বাংলা, ইংরেজি ও হিংিদ-এই তিন ভাষায় তৈরি রঙিন পোস্টার ও লিফলেট কলকাতা পুলিশের দশটি ডিভিশনে পাঠানো হচ্ছে। সেখানে স্পষ্টভাবে জানানো হয়েছে, শুধুমাত্র অনুমোদিত সবুজ শব্দবাজি ও সবুজ আলোর বাজি ব্যবহার করা যাবে। নিষিদ্ধ বাজি ফাটানো থেকে বিরত থাকার আবেদনও জানানো হয়েছে। কত ডেসিবেল পর্যন্ত বাজি ফাটানো যাবে? পুলিশের প্রচারপত্রে বাজির শব্দের মাত্রা সম্পর্কেও নির্দিষ্ট নির্দেশিকা উল্লেখ করা হয়েছে। তাতে বলা হয়েছে, চার মিটার দূরত্বে সর্বাধিক ১২৫ ডেসিবেল শব্দ উপাদনকারী অনুমোদিত সবুজ বাজি ফাটানো যাবে। অন্যদিকে, আলো উপাদনকারী সবুজ আতসবাজির ক্ষেত্রে চার মিটার দূরত্বে সর্বাধিক শব্দের মাত্রা ৯০ ডেসিবেল।এদিকে পুলিশের নজরে রয়েছে বিভিন্ন ধরনের শেল বাজি।

ধর্মাঙ্কুর বিহারে মহাউৎসাহে পালিত হয় ১৩৩ তম দানোত্তম শুভ কঠিন চীবর দানোৎসব



নিজস্ব সংবাদদাতা, কলকাতা, ৪ নভেম্বর ঃ বাঙালি বৌদ্ধদের শতাব্দী প্রাচীন ধর্মাঙ্কুর বিহারে মহাউৎসাহে পালিত হয় ১৩৩ তম দানোত্তম শুভ কঠিন চীবর দানোসব। ভারতীয় সঙ্ঘরাজ ভিক্ষু মহাসভার মহামান্য সঙ্ঘরাজ ভদন্ত শ্রীম রতনজ্যোতি মহাস্থবির, উপসংঘরাজদয় ড. রতনশ্রী মহাথের এবং শ্রীম জয়ন্তবোধি মহাথের, ভারতীয় সঙ্ঘরাজ ভিক্ষু মহাসভার সাধারণ সম্পাদক ভদন্ত এম.আনঃদ মহাথের, টালিগঞ্জ বৌদ্ধ সমিতির সাধারণ সম্পাদক ড. অরুণজ্যোতি মহাথের, কলিকাতা বিশ্ববিদ্যালয়ের আমন্ত্রিত লেকচারার ড সুমনপাল ভিক্ষু, শ্রীম ধর্মরতন মহাথের(ইছাপুর), শ্রীম ধর্মনন্দা ভিক্ষু(নীমপীঠ),শ্রীম শ্রদ্ধারতন ভিক্ষু, শ্রীম ভিক্ষু বিশ্বজি, শ্রীম প্রিয়জ্যোতি ভিক্ষু, শ্রীম পবিত্রশ্রী ভিক্ষু সহ অন্যান্য মোট ২০ জন মহান ভিক্ষুসংঘের উপস্থিতিতে সকালে সংঘদান, অষ্টপরিস্কারদান উসর্গ করা হয় ধর্মাঙ্কুর মহাবিহারের প্রতিষ্ঠাতা কর্মযোগী কৃপাশরণ মহাস্থবির, ধর্মাঙ্কুর মহাবিহারের দীর্ঘদিনের বিহারাধ্যক্ষ পন্ডিত ধর্মাধার মহাস্থবির এবং বৌদ্ধ ধর্মাঙ্কুর সভা অফ ইন্ডিয়া'র ৩০ বছরের(১৯৭৫-২০০৫) সাধারণ সম্পাদক সংঘনায়ক ধর্মপাল মহাথের মহোদয়কে। প্রায় ৫৫০ উপাসক উপাসিকার আন্তরিক উপস্থিতিতে দুপুরে পূজা পর্যায়ের রবীঃদ্রসঙ্গীত এবং বুদ্ধ কীর্তন পরিবেশন করা হয়। দ্বিতীয়পর্বে অষ্টবিংশতি বুদ্ধ বন্ধনা ও উদ্বোধনী সঙ্গীত সহ পঞ্চশীল প্রার্থনা করেন বিহারে উপাসিকাবৃন্দ। শতাব্দী প্রাচীন জগজ্জ্যোতি পত্রিকার ব পন্ডিত ধর্মাধার মহাস্থবির ১২৫ তম জন্মজয়ন্তী বিশেষ সংখ্যার মো।ক উন্মোচিত হয় যেটি সম্পাদনা করেন পত্রিকা সম্পাদক ড. সুমনপাল ভিক্ষু। স্বাগত ভাষণ প্রদানের মাধ্যমে সাধারণ সম্পাদক অমলেন্দু চৌধুরী বিগত সময়ের বিহারের নানা কর্মের ও অগ্রগতির সবিস্তার উল্লেখ করেন এবং মহান ভিক্ষুসংঘকে এবং সুন্দর এবং সুচারু উপস্থিতিকে কৃতজ্ঞতা ও জানান। সমাবেশকে ভিক্ষুসংঘ ধর্মালোচনা করে। পার্শ্ববর্তী বিভিন্ন সংস্থা থেকে তাদের কর্মকর্তা উপস্থিত ছিলেন। সংঘরাজ ভান্তে চীবর উসর্গ করেন, ধন্যবাদ প্রদান করেন সভার সভার সহসম্পাদক শ্রীম ভিক্ষু বিশ্বজিৎ এবং সমগ্র অনুষ্ঠানটি সুচারু রূপে সঞ্চালনা করেন অপর সহসম্পাদক ড সুমিত বড়ুয়া।

নার্সিংহোমে ভর্তি হয়েছিলেন সুস্থ হওয়ার আশায়, ফিরলেন নিথর দেহে!

নিজস্বংবাদদাতা,হাওড়া, ৪ নভেম্বর ঃ নার্সিংহোমে ভর্তি হয়েছিলেন সুস্থ হওয়ার আশায়, ফিরলেন নিথর দেহে! চিকিসায .গাফিলতির অভিযোগে ডোমজুড়ে তুমুল বিক্ষোভ। নার্সিংহোমে অস্ত্রোপচার করাতে এসে আর বাড়ি ফেরা হল না ৪০ বছরের স্বপ্না পালের। রোগীর মৃত্যুর পর চিকিৎসায় গাফিলতির অভিযোগ তুলে হাওড়ার ডোমজুড়ের একটি বেসরকারি নার্সিংহোমে ব্যাপক বিক্ষোভ দেখালেন পরিবারের সদস্যরা। বুধবার সকালে এই ঘটনাকে কেন্দ্র করে উত্তেজনা ছড়ায় নার্সিংহোম চত্বরে। পরিস্থিতি সামাল দিতে ঘটনাস্থলে পৌঁছায় ডোমজুড় থানার বিশাল পুলিশ বাহিনী ও র‍্যাফ। আসেন হাওড়া সিটি পুলিশের উচ্চপদস্থ আধিকারিকরাও। পুলিশ সূত্রে জানা গিয়েছে, ডোমজুড়ের সলপের বাসিন্দা স্বপ্না পাল গুরুতর অসুস্থ অবস্থায় গত শনিবার ওই নার্সিংহোমে ভর্তি হয়েছিলেন। তাঁর পেটে টিউমার ধরা পড়েছিল।

লাঠি পিটিয়ে কাকাকে খুনের অভিযোগ, গ্রেফতার ভাইপো

স্বপ্নীল মজুমদার, ঝাড়গ্রাম ঃ সন্দেহের বশে বাঁশের লাঠি দিয়ে পিটিয়ে কাকাকে খুনের অভিযোগ উঠল ভাইপোর বিরুদ্ধে। মাথায় লাঠির আঘাতে গুরুতর জখম অবস্থায় হাসপাতালে ভর্তি করানো হলেও শেষরক্ষা হয়নি। চিকিৎসাধীন অবস্থায় মৃত্যু হয় দুলাল সিং (৪০)-এর। এই ঘটনায় অভিযুক্ত ভাইপো বিপিন সিংকে গ্রেফতার করেছে সাঁকরাইল থানার পুলিশ। সোমবার সন্ধ্যায় ঘটনাটি ঘটেছে ঝাড়গ্রাম জেলার সাঁকরাইল ব্লকের মাশাড় শালবনী এলাকায়।পুলিশ ও স্থানীয় সূত্রে জানা গিয়েছে, সোমবার সন্ধ্যায় বিপিনের স্ত্রী তাঁর ছোট সন্তানকে নিয়ে কাকা দুলাল সিংয়ের সঙ্গে হাসি-মশকরায় মেতে ছিলেন। তা দেখে সন্দেহ হয় বিপিনের। সেই সন্দেহ থেকেই কাকার সঙ্গে বচসায় জড়িয়ে পড়েন তিনি বলে অভিযোগ। বচসার মধ্যেই বাঁশের লাঠি নিয়ে দুলালের উপর চড়াও হন বিপিন। তাঁর মাথায় সজোরে লাঠির আঘাত করেন। রক্তাক্ত অবস্থায় মাটিতে লুটিয়ে পড়েন দুলাল।স্থানীয় বাসিন্দারা তাঁকে উদ্ধার করে ভাঙাগড় গ্রামীণ হাসপাতালে নিয়ে যান। সেখানে চিকিৎসাধীন অবস্থায় মৃত্যু হয় তাঁর। ঘটনার পরেই এলাকা ছেড়ে পালিয়ে যান অভিযুক্ত। পরে মৃতের পরিবারের তরফে সাঁকরাইল থানায় লিখিত অভিযোগ দায়ের করা হয়। অভিযোগের ভিত্তিতে তদন্তে নেমে গোপন সূত্রে খবর পেয়ে ঘটনার মাত্র পাঁচ ঘণ্টার মধ্যে নিজের বাড়ি থেকেই বিপিনকে গ্রেফতার করে পুলিশ। ধৃত বিপিন সিংকে মঙ্গলবার ঝাড়গ্রাম এসিজেএম আদালতে তোলা হলে, তদন্তের স্বার্থে তাঁকে চার দিন পুলিশ হেফাজতে রাখার নির্দেশ দেন বিচারক।

অরাজকতার প্রতিবাদে গোপীবল্লভপুরে এবিভিপি-র 'ছাত্র হুঙ্কার' পদযাত্রা

নিজস্ব সংবাদদাতা, ঝাড়গ্রামঃ 'অরাজকতার অবসান চাই, গণতন্ত্রের সুরক্ষা চাই'-এই স্লোগানকে সামনে রেখে গোপীবল্লভপুরে 'ছাত্র হুঙ্কার' পদযাত্রা করল অখিল ভারতীয়.বিদ্যার্থী পরিষদ (এবিভিপি)। দেশে অরাজকতা সৃষ্টির চেষ্টার প্রতিবাদে মঙ্গলবার গোপীবল্লভপুর সুবর্ণরেখা মহাবিদ্যালয় থেকে পদযাত্রা শুরু হয়ে শেষ হয় গোপীবল্লভপুর বাজারে।এবিভিপি-র ঝাড়গ্রাম জেলা নেতৃত্বের দাবি, দেশের স্বার্থবিরোধী কার্যকলাপ এবং অরাজকতা সৃষ্টির অপচেষ্টার বিরুদ্ধে প্রতিবাদ জানাতেই এই কর্মসূচি। পদযাত্রায় উপস্থিত ছিলেন সংগঠনের রাজ্য সহ-সংগঠন সম্পাদক সঞ্জয় মল্লিক, বিভাগ প্রমুখ সুজিত মুদলি, বিভাগ সংযোজক বাপি দাস, জেলা প্রমুখ সৌমেন পাল, জেলা সংযোজক দেবাশিস মাহাত এবং কলেজ সভাপতি সুমনা সিংহ-সহ সংগঠনের অন্যান্য কার্যকর্তারা।বিভাগ সংযোজক বাপি দাস ও জেলা প্রমুখ সৌমেন পাল জানান, গোপীবল্লভপুর থেকেই জেলার বিক্ষোভ কর্মসূচির সূচনা হল। আগামী দিনে ঝাড়গ্রাম জেলার কোথাও দেশবিরোধী কার্যকলাপের চেষ্টা হলে তার বিরুদ্ধে যথাযথ প্রতিবাদ ও পদক্ষেপ করবে বিদ্যার্থী পরিষদ। তাঁদের বক্তব্য, দেশের স্বার্থে অতীতেও নানা আন্দোলনে সামিল হয়েছে এবিভিপি। প্রয়োজনে আগামী দিনে আরও বৃহত্তর আন্দোলনের পথে হাঁটবে সংগঠন।

যোগাসনে জোড়া সাফল্য ঝাড়গ্রামের, যুগ্ম বিভাগে সোনা, একক রুপো

নিজস্ব সংবাদদাতা, ঝাড়গ্রামঃ রাজ্যস্তরের যোগাসন প্রতিযোগিতায় জোড়া সাফল্য ঝাড়গ্রামের দুই ছাত্রীর। ৭০তম পশ্চিমবঙ্গ রাজ্য স্কুল ক্রীড়া যোগাসন প্রতিযোগিতায় অনূর্ধ্ব-১৯ বালিকা বিভাগের আর্টিস্টিক যোগাসনের যুগ্ম বিভাগে প্রথম স্থান অধিকার করে স্বর্ণপদক জিতল ঝাড়গ্রামের আয়ুশী সুঁই ও স্নেহা মাহাতো। শুধু যুগ্ম বিভাগেই নয়, একক বিভাগেও দ্বিতীয় স্থান অধিকার করে রুপোর পদক জিতে জেলার সাফল্যের মুকুটে নতুন পালক যোগ করেছে আয়ুশী। কলকাতার সাইয়ের মাঠে গত ৩১ অক্টোবর থেকে ৪ নভেম্বর পর্যন্ত পাঁচ দিন ধরে চলে এই প্রতিযোগিতা। সেখানে ঝাড়গ্রামের রানি বিনোদ মঞ্জরী রাষ্ট্রীয় বালিকা বিদ্যালয়ের দশম শ্রেণির ছাত্রী আয়ুশী এবং ঝাড়গ্রাম মডেল স্কুলের ষষ্ঠ শ্রেণির ছাত্রী স্নেহা আর্টিস্টিক যোগাসনের যুগ্ম বিভাগে প্রতিদ্বঃদ্বিতা করে। রাজ্যের অন্যান্য প্রতিযোগীদের পিছনে ফেলে সেরার শিরোপা ছিনিয়ে নেয় এই জুটি।পাশাপাশি, আর্টিস্টিক যোগাসনের একক বিভাগেও নজর কাড়ে আয়ুশী। ওই বিভাগে দ্বিতীয় স্থান অধিকার করে রুপোর পদক জেতে সে। এর আগেও রাজ্য ও জাতীয় স্তরের একাধিক যোগাসন প্রতিযোগিতায় সাফল্য পেয়েছে আয়ুশী।

শ্রী তুলসী অনলাইন ডট কম লিমিটেড

(CIN): L99999WB1982PLC035576

নিবন্ধিত কার্যালয় ঃ ৪, এন. এস. রোড, প্রথম তল, কলকাতা, পশ্চিমবঙ্গ - ৭০০ ০০১

ই-মেইলঃ investors@shreetulsionline.com ;

ওয়েবসাইটঃ www.shreetulsionline.com

৩০শে সেপ্টেম্বর, ২০২৬ তারিখে সমাপ্ত ত্রৈমাসিক ও অর্ধবার্ষিকের জন্য অনিরীক্ষিত একক আর্থিক ফলাফলের সারাংশ

সেবি (এলওডিআর) রেগুলেশনস, ২০১৫-এর রেগুলেশন ৪৭(১)(বি) দ্রষ্টব্য

(লক্ষ টাকায়)

ক্রম নং	বিবরণ	৩০সেপ্টেম্বর, ২০২৬ তারিখে সমাপ্ত ত্রৈমাসিক	চলমান বছরের শুরু থেকে ৩০শে সেপ্টেম্বর, ২০২৬ পর্যন্ত সময়কাল	পূর্ববর্তী বছরের একই প্রান্তিক (৩০শে সেপ্টেম্বর ২০২৫ তারিখে সমাপ্ত)
		অনিরীক্ষিত	অনিরীক্ষিত	অনিরীক্ষিত
১.	কার্যক্রম থেকে মোট আয়	০.৬৯	০.৮১	১.৮১
২.	এই সময়ের নিট মুনাফা (ক্ষতি)(কর, ব্যতিক্রমী এবংঅথবাঅসাধারণ বিষয়গুলোর পূর্বে)	(৩.১৭)	(৮.৩৪)	(১.৯২)
৩.	কর-পূর্ব নিট মুনাফা (ক্ষতি)(ব্যতিক্রমী এবং অথবা অসাধারণ বিষয়সমূহ বিবেচনার পর)	(৩.১৭)	(৮.৩৪)	(১.৯২)
৪.	কর-পরবর্তী নিট মুনাফা (ক্ষতি)(ব্যতিক্রমী এবং অথবা অসাধারণ বিষয়সমূহ বিবেচনার পর)	(৩.১৭)	(৮.৩৪)	(১.৯২)
৫.	উক্ত সময়ের জন্য মোট সামগ্রিক আয় উক্ত সময়ের মুনাফা(ক্ষতি) (কর-পরবর্তী) এবং অন্যান্য সামগ্রিক আয় (কর-পরবর্তী) নিয়ে গঠিত	(৩.১৭)	(৮.৩৪)	(১.৯২)
৬.	ইকুইটি শেয়ার মূলধন	২,৩৩৬.২৬	২,৩৩৬.২৬	২,৩৩৬.২৬
৭.	সংরক্ষিত তহবিল (পূর্ববর্তী বছরের নিরীক্ষিত উদ্বৃত্তপত্রে প্রদর্শিত পুনর্মূল্যায়ন সংরক্ষিত তহবিল ব্যতীত)	-	-	-
৮.	শেয়ার প্রতি আয়(প্রতিটি ১০- রুপি মূল্যের) (বার্ষিকীকৃত নয়)বেসিক ও ডাইলুটেড	(০.০১)	(০.০৪)	(০.০১)

দ্রষ্টব্য ঃ

উপরোক্ত তথ্যটি ৩০.০৯.২০২৬ তারিখে সমাপ্ত ত্রৈমাসিক ও অর্ধবার্ষিক অনিরীক্ষিত আর্থিক ফলাফলের বিস্তারিত বিন্যাসের একটি সারাংশ। এটি সেবি-এর ' অবলিগেশনস অ্যান্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্টস' রেগুলেশনস, ২০১৫-এর ৩৩ নম্বর প্রবিধান অনুযায়ী স্টক এক্সচেঞ্জগুলোতে দাখিল করা হয়েছে। অনিরীক্ষিত আর্থিক ফলাফলের সম্পূর্ণ বিন্যাসটি স্টক এক্সচেঞ্জগুলোর ওয়েবসাইট- www.cse-india.com এবং https:mseindia.com-এ পাওয়া যাবে। এছাড়া, কোম্পানির নিজস্ব ওয়েবসাইট www.shreetulsionline.com-এও এটি উপলব্ধ রয়েছে।

আর্থিক ফলাফল বিস্তারিতভাবে দেখতে কিউআর কোডটি স্ক্যান করুন

স্থানঃ কলকাতা

তারিখ ঃ ৪ঠা নভেম্বর,২০২৬

বোর্ডের আদেশে

শ্রী তুলসী অনলাইন ডট কম লিমিটেড-এর পক্ষে

বিনোদ কুমার বোথরা

এমডি ও সিইও

(DIN) নং: 00780818

HALDER VENTURE LIMITED

CIN:L74210WB1982PLC035117

Registered Office :16, Strand Road, Diamond Heritage Building, 10th Floor, Unit 1012, Kolkata - 700001

Ph.:- +91-33-6607-5556, +91-33-6607-5557 Email :- info@halderventure.in Website :- www.halderventure.in

EXTRACT OF THE UNAUDITED STANDALONE AND CONSOLIDATED FINANCIAL RESULTS FOR THE QUARTER AND HALF YEAR ENDED 30TH SEPTEMBER, 2026

(₹ in Lakhs)

Sl No	Particulars	Standalone: Three Months Ended 30.09.2026 Unaudited	30.06.2026 Unaudited	30.09.2025 Unaudited	Half Year Ended 30.09.2026 Unaudited	30.09.2025 Unaudited	Year ended 31.03.2026 Audited	Consolidated: Three Months Ended 30.09.2026 Unaudited	30.06.2026 Unaudited	30.09.2025 Unaudited	Half Year Ended 30.09.2026 Unaudited	30.09.2025 Unaudited	Year Ended 31.03.2026 Audited
1	Total Income from Operations	22,830.40	18,257.08	5,216.92	41,087.48	17,458.67	47,994.25	24,078.23	19,067.45	9,782.32	43,145.68	22,037.66	69,152.55
2	Net Profit/ (Loss) for the period (before Tax, Exceptional and/ or Extraordinary items#)	484.79	802.91	92.97	1,287.70	745.91	1,288.60	389.65	736.85	(1063.86)	1126.50	(93.57)	4,045.04
3	Net Profit/ (Loss) for the period before tax (after Exceptional and/ or Extraordinary items#)	484.79	802.91	92.97	1,287.70	745.91	1,288.60	389.65	736.85	(1063.86)	1126.50	(93.57)	4,045.04
4	Net Profit/ (Loss) for the period after tax (after Exceptional and/ or Extraordinary items#)	404.58	561.13	105.76	965.71	498.44	999.52	402.03	346.02	(1087.30)	748.05	(801.43)	3,190.24
5	Total Comprehensive Income for the period [Comprising Profit/ (Loss) for the period (after tax) and Other Comprehensive Income (after tax)]	407.58	561.13	102.39	968.71	491.70	1,018.63	374.69	452.17	(1063.86)	826.26	(811.54)	2,476.27
6	Equity Share Capital	1,243.81	1,243.81	1,243.81	1,243.81	1,243.81	1,243.81	1161.54	1161.54	1215.78	1,161.54	1,215.78	1,161.54
7	Reserves (excluding Revaluation Reserve)			-			14,113.78			-			16,689.56
8	Earnings Per Share (of Rs. 10/- each)												
	Basic : (₹)	3.25	4.51	0.85	7.76	4.01	8.04	3.23	2.78	(8.94)	6.01	(6.59)	25.65
	Diluted : (₹)	3.25	4.51	0.85	7.76	4.01	8.04	3.21	2.78	(8.94)	6.01	(6.59)	25.65

- Exceptional and/ or Extraordinary items adjusted in the Statement of Profit and Loss in accordance with Ind AS Rules.

Notes:

a) The above is an extract of the detailed format of quarterly and Half yearly Unaudited Financial results filed with the Stock Exchange(s) under regulation 33 of the Listing Regulations.

b) The Unaudited Financial results for the quarter and half year ended 30th September, 2026 have been reviewed by the Audit Committee of the Board and approved by the Board of Directors at its meeting held on 3rd November, 2026.

c) Figures of previous periods have been regrouped/rearranged wherever necessary to confirm to current period presentation.

Place : Kolkata

Dated : 03.11.2026

For Halder Venture Limited

Sd/-

KESHAB KUMAR HALDER

MANAGING DIRECTOR

DIN: 00574080